

**ঢাকা মহানগরীতে
দশটি মডেল স্কুল
স্থাপিত হবে: আনিস**

শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম
মাহমুদ ঢাকায় বলেন, সরকার
শিক্ষার মানোন্নয়নে ঢাকা মহা-
নগরী এলাকায় দশটি মডেল
স্কুল স্থাপনের বিষয়টি সক্রিয়
ভাৱে বিবেচনা করছেন।

মন্ত্রী শুকবার ঢাকায় পল্লী
মডেল হাইস্কুলের নয় ভবনের
উদ্বেোধন অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।
খবর বাসসর।

জনাব মাহমুদ বলেন, সরকার
(শেষ পঃ ৩-এর কঃ পঃ)

আনিস

(১ম পঃ পঃ)

এই স্কুলগুলো প্রতিষ্ঠা করলেও
স্থানীয় লোকদের বহুস্তর অংশ-
গহণ নিশ্চিত করার লক্ষে তদে
রকে এগুলো পরিচালনা করতে
হবে। এই স্কুলগুলোতে প্রাথমিক
শ্রেণী থেকে উচ্চ মাধ্যমিক
পর্যায় পর্যন্ত থাকবে।

আলহাজ আবদুল করিমের
সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে
অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন
জনাব এম এ খালেক এমপি।
শিক্ষা সচিব জনাব হেদায়েত
আহমদও অনুষ্ঠানে উপস্থিত
ছিলেন।